

অতি জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক নং ৪৬.০২০.০০৪.০১.০০.৩৩৬.২০১৬-২৪৭

তারিখঃ ২৫/০১/১৭


বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৫৭০১/২০১৫ এর রায়ের বিরুদ্ধে লীভ-টু-আপীল দায়ের সংক্রান্ত।

সূত্রঃ উপজেলা-১ শাখার ইউ,ও,নোট নং- ৪৬.০৪৬.০২৭.০০.০০.১০৪.২০১২-১৭৭১ তাং-১৪-১২-২০১৬খ্রিঃ।।

টাগাইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ কেদামত আলী এর বিরুদ্ধে দায়েরকৃত মামলার চার্জশীট বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (সংশোধিত আইন-২০১১) এর ১৩ (১) ধারা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যানকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। উক্ত বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে শিবগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৫৭০১/২০১৫ দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ বরখাস্ত আদেশকে ৬ (ছয়) মাসের জন্য স্থগিত করতঃ শোকজ ইস্যু পূর্বক জবাব প্রদানের জন্য স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ বিবাদীগণকে নির্দেশ প্রদান করেন। সরকারি স্বার্থে মামলাটি যথাযথ প্রতিদ্বন্দ্বিতাকরণ আবশ্যিক।

০২। এমতাবস্থায়, রীট পিটিশন নং ৫৭০১/২০১৫ এ প্রদত্ত স্থগিতাদেশের বিরুদ্ধে সরকার পক্ষে আপীল দায়েরসহ সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবীর পাশাপাশি মামলাটি প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় কার্যক্রম গ্রহনকরতঃ সময় সময় স্থানীয় সরকার বিভাগের আইন-১ অধিশাখাকে অবহিত করার জন্য বেসরকারি প্যানেল আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। এতদসঙ্গে মামলার ক্ল, আরজি, ওকালতনামা ও আনুষঙ্গিক কাগজপত্র প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।


(মোহাম্মদ শফিকুল আরিক)
উপসচিব
৯৫৪০৯৯৫

জনাব মোঃ আশরাফুল আলম
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। উপসচিব (উপজেলা-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ;
- ০৪। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।